উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
puthia.rajshahi.gov.bd

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮১৮২.০০০.০৭.০১৫.১৯- ১৬৪

তারিখ ঃ ১৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ ।

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পুঠিয়া উপজেলা পরিষদের আওতাধীন নিম্নতফশীলভুক্ত সরকারি হাট-বাজার ১৪২৬ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ইজারা বন্দোবস্ত দেয়া হবে। ইচ্ছুক দরদাতাগণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি), পুঠিয়া, অফিসার ইন-চার্জ ,পুঠিয়া থানা, সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা, পুঠিয়া, জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) কার্যালয় হতে তফশীলে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন। দরপত্রসমূহ নির্ধারিত তারিখে বেলা ১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি), পুঠিয়া এবং জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং ইজারা বিজ্ঞপ্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নিজস্ব ওয়েব সাইট **puthia.rajshahi.gov.bd** হতে ডাউন লোড করা যাবে।

"তফশীল"

ক্রমিক নম্বর	হাট-বাজারের নাম	অবস্থান (ইউনিয়ন অনুযায়ী)	সিডিউল মূল্য	বিগত তিন বছরের গড় ইজারা মূল্য	৬% বৃদ্ধিসহ ১৪২৬ সনের জন্য সরকারি ধার্য্য মূল্য	সিডিউল বিক্রির শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
০১	মাহেন্দ্রা হাট	বেলপুকুরিয়া	৫০০/-	৪৯৬০০	৫২,৫৭৬/-	১ম বার ২৪/০২/২০১৯	১ম বার ২৫/০২/২০১৯
০২	জামিরা হাট	ঐ	৫০০/-	১৮৩০০	১৯,৩৯৮/-	২য় বার ১০/০৩/২০১৯	২য় বার ১১/০৩/২০১৯
০৩	বানেশ্বর হাট	বানেশ্বর	২৪,০০০/-	৯৪৪৫০৭৯	১,০০,১১,৭৮৩/-	৩য় বার ২৭/০৩/২০১৯	৩য় বার ২৮/০৩/২০১৯
০৪	ভালুকগাছি হাট	ভালুকগাছি	৫০০/-	১৪৮০৭	১৫,৬৯৫/-	৪র্থ বার ১০/০৪/২০১৯	৪র্থ বার ১১/০৪/২০১৯
০৫	মোল্লাপাড়া হাট	শিলমাড়িয়া	১৭০০/-	৪৪৭০৭৪	৪,৭৩,৮৯৮/-	৫ম বার ২৮/০৪/২০১৯	৫ম বার ২৯/০৪/২০১৯
০৬	কার্ত্তিকপাড়া হাট	ঐ	৫০০/-	৮৫৩৩	৯,০৪৪/-	৬ষ্ঠ বার ১৯/০৫/২০১৯	৬ষ্ঠ বার ২০/০৫/২০১৯
০৭	সাধনপুর হাট	ঐ	৫০০/-	২৮৭১৩	৩০,৪৩৫/-	৭ম বার ১১/০৬/২০১৯	৭ম বার ১২/০৬/২০১৯
০৮	ধোপাপাড়া হাট	জিউপাড়া	১,৫০০/-	১৭৮০০০	১,৮৮,৬৮০/-	৮ম বার ০৩/০৭/২০১৯	৮ম বার ০৪/০৭/২০১৯
						৯ম বার ১৯/০৮/২০১৯	৯ম বার ২০/০৮/২০১৯
						১০ম বার ১৬/০৯/২০১৯	১০ম বার ১৭/০৯/২০১৯
						১১তম বার ১৪/১০/২০১৯	১১তম বার ১৫/১০/২০১৯
						১২তম বার ০৬/১১/২০১৯	১২তম বার ০৭/১১/২০১৯
						১৩তম বার ০৩/১২/২০১৯	১৩তম বার ০৪/১২/২০১৯
						১৪তম বার ২৯/১২/২০১৯	১৪তম বার ৩০/১২/২০১৯

বিঃদ্রঃ ১ম বারে ইজারা প্রদান সম্ভব না হলে দরপত্রে উল্লিখিত পরবর্তী তারিখ সমূহে ক্রমান্বয়ে ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩১/০১/১৯

(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া, রাজশাহী

Hat Tender Order349

ঃ শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪২৬ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বৎসরের মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্র্যাফট এর মাধ্যমে " উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া" এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে,দরপত্র সংবাদ অবহিত হবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারামূল্যের উপর ৬% বৃদ্ধিসহ ধার্য্যমূল্যে (সরকারি মূল্য)হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার কবা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত মাত্র) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে, নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। দরপত্রের প্রদত্ত মূল্যে অংকে বা কথায় কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন করণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/০১/১৯

(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া, রাজশাহী
ফোন-০৭২২৮-৫৬১২১(অফিস)
মুঠোফোন- ০১৭৮৬-৭০৮৪৪৪
ই-মেইল-unoputhia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
puthia.rajshahi.gov.bd

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮১৮২.০০০.০৭.০১৫.১৯- ১৬৪ (১০)

তারিখ ঃ ১৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।
০৩। জেলা প্রশাসক, রাজশাহী ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার অফিস, রাজশাহী ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পুঠিয়া, রাজশাহী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), রাজশাহী ।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)..রাজশাহী ।
১০। সহকারী কমিশনার (ভূমি), পুঠিয়া । নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহনের দিনে টেন্ডার বাক্সে সংরক্ষনের জন্য অনুরোধ করা হলো।
১১। উপজেলা ....অফিসার, পুঠিয়া ।
১২। মেয়র, পুঠিয়া পৌরসভা, পুঠিয়া, রাজশাহী ।
১৩। চেয়ারম্যান, (সকল)... ইউনিয়ন পরিষদ, পুঠিয়া, রাজশাহী।
১৪। অফিসার ইন-চার্জ, পুঠিয়া থানা, পুঠিয়া, রাজশাহী। নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয়অন্তে বিক্রিত অর্থ অত্রাফিসে প্রেরণ এবং টেন্ডার বাক্সে দরপত্র গ্রহনের দিনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা, পুঠিয়া, রাজশাহী।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...ইউনিয়ন ভূমি অফিস, পুঠিয়া । তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল শহরত ও মাইকযোগে জারী করে জারীর প্রতিবেদন দরপত্র গ্রহণের পূর্বেই এ অফিসে ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৭। পোষ্ট মাষ্টার, উপজেলা পোষ্ট অফিস, পুঠিয়া, রাজশাহী ।
১৮। সম্পাদক, দৈনিক ...., রাজশাহী। তাঁকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় একদিনের জন্য ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে (বিলসহ) পেপার কার্টিং প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব ....ইজারাদার, পুঠিয়া, রাজশাহী।
২০। সহকারী প্রোগ্রামার, পুঠিয়া, রাজশাহী। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলার নিজস্ব ওয়েব সাইট **puthia.rajshahi.gov.bd** আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
২১। নোটিশ বোর্ড।
২২। অফিস কপি।

(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া, রাজশাহী
ফোন-০৭২২৮-৫৬১২১(অফিস)
মুঠোফোন- ০১৭৮৬-৭০৮৪৪৪
ই-মেইল-unoputhia@mopa.gov.bd